ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার



হাসতে হাসতে যে খবর উড়িয়ে দিলেন অমিতাভ

পৃঃ ৫

# নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে

কবে মাঠে নামবেন কোহলি?

পৃঃ ৬



Digital media act No. : DM /34/2021 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : https://epaper.newssaradin.live/ ● বর্ষ ঃ ৩ সংখ্যা ঃ ০৮০ ● কলকাতা ● ০৮ চৈত্র, ১৪৩০ ● শুক্রবার ● ২২ মার্চ, ২০২৪ পৃষ্ঠা - ৬ ৫ টাকা

## লোকসভা ভোটের আগে তৃণমূলের

# 'ভয়' নিয়ে কটাক্ষ দিলীপের



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** কলকাতার অনেত জায়গায় এমন কী আশপাশের জেলাতেও পুকুর বুজিয়ে বেআইনিভাবে বাড়ি তৈরি করা হয়েছে। তৃণমূল সরকার এইভাবে দলের নেতানেত্রী করে খাওয়ার বন্দোবস্ত করে দিচ্ছে বলেও মন্তব্য করেছেন বিজেপির প্রাক্তন রাজ্য সভাপতি দিলীপ ঘোষ।মঙ্গলবার রাতে দিনহাটায় রাজ্যের মন্ত্রী উদয়ন গুহ কেন্দ্রীয় মন্ত্রী নিশীথ প্রামাণিকের সঙ্গে হাতাহাতিতে জড়িয়েছিলেন। এব্যাপারে চ্যালেঞ্জ করে উদয়ন গুহ বলেছেন, দোষ প্রমাণ হলে মন্ত্রিত্ব এমনকি রাজনীতি ছেড়ে দেবেন। বিষয়টি নিয়ে মন্তব্য করতে গিয়ে দিলীপ ঘোষ বলেছেন, একজন মন্ত্রী রাস্তায় দাঁড়িয়ে গুন্ডামি করছে, এটা কোন সভ্য জগতে হয়। তারপরেও তিনি প্রমাণের কথা বলছেন। ওনাদের মহিলারা গিয়ে সন্দেশখালিতে মহিলাদের ওপর ধর্ষণের প্রমাণ দাও, খুন-খারাপির প্রমাণ দাও, বলছেন। এই প্রমাণ তো সরকারের করার কথা, বলেছেন দিলীপ ঘোষ।গার্ডেনরিচ জুড়ে মৃত্যুফাঁদ, আজহার মোল্লা বাগানে ২ বহুতলের মাঝে প্রায় ৫ ফুটের মধ্যেই আরেক বহুতল।এলাকায় একের পর এক বেআইনি নির্মাণ, দেখেও দেখে না পুরসভা। এই অভিযোগ প্রসঙ্গে দিলীপ ঘোষ বলেন, শুধু গার্ডেনরিচ নয়। গার্ডেনরিচের ঘটনা ঘটেছে বলে সবার দৃষ্টি গেছে

এরপর ৩ পাতায়

## ভোটের মুখে আচমকা ইস্তফা

# শীতলকুচির সেই আইপিএস-এর



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** বৃহস্পতিবারই রাজ্যের মুখ্যসচিব বি পি গোপালিকার কাছে নিজের ইস্তফাপত্র পাঠিয়ে দিয়েছেন ওয়েস্ট বেঙ্গল ক্যাডারের ২০১০ সালের ব্যাচের এই আইপিএস অফিসার। মুখ্যসচিবের কাছে পাঠানো ইস্তফাপত্রে 'ব্যক্তিগত কারণেই' এই সিদ্ধান্তের কথা জানিয়েছেন তিনি।তাহলে কি প্রসূন বন্দ্যোপাধ্যায়ের মতো তিনিও ইস্তফা দিয়ে রাজনীতির ময়দানে পা রাখতে চলেছেন? যদিও দেবাশিস ধর ইস্তফাপত্রে কারণ হিসেবে 'ব্যক্তিগত কারণ' ও 'অন্যান্য সামাজিক ও ব্যক্তিগত লক্ষ্যপূরণের' কথা উল্লেখ করেছেন। এখন দেখার পরবর্তী সময়ে ঘটনা পরম্পরা কোন দিকে মোড় নেয়। সঙ্গে এও লিখেছেন, তিনি আইপিএসের গণ্ডি পেরিয়ে জীবনের অন্যান্য সামাজিক এবং ব্যক্তিগত লক্ষ্যপূরণ করতে চান। আজই যাতে তাঁর আইপিএস হিসেবে কর্মজীবনের শেষ দিন হিসেবে গ্রাহ্য হয়, সে কথাও ইস্তফাপত্রে লিখেছেন তিনি।

উল্লেখ্য, বাংলার অন্যতম চর্চিত আইপিএস অফিসার হলেন দেবাশিস ধর। ২০১০ সালের ব্যাচের এই আইপিএস অফিসারের আগে পোস্টিং ছিল কোচবিহারের পুলিশ সুপার পদে। ২০২১ সালের বিধানসভা ভোটের সময় যখন উত্তপ্ত হয়েছিল শীতলকুচি, তখনও কোচবিহারের পুলিশ সুপার ছিলেন দেবাশিস ধর। বর্তমানে তিনি রাজ্য পুলিশের এসপি পদের 'কম্পালসরি

এরপর ৩ পাতায়

## ভুয়ো খবর বাছাইয়ের নামে স্বাধীনতা হরণ?


# কেন্দ্রের পি আই বি বিজ্ঞপ্তিতে স্থগিতাদেশ সুপ্রিম কোর্টের



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** লোকসভা নির্বাচনের আগে ভুয়ো খবর রুখতে প্রেস ইনফরমেশন ব্যুরো -কে সত্যতা যাচাইয়ের সরকারি মাধ্যম হিসেবে স্বীকৃতি দিয়েছে কেন্দ্র। বুধবারই সেই মর্মে বিজ্ঞপ্তি জারি করা হয় কেন্দ্রের তরফে। বৃহস্পতিবার কেন্দ্রের সেই বিজ্ঞপ্তিতে স্থগিতাদেশ দিল সুপ্রিম কোর্ট। কেন্দ্রের এই নির্দেশ বাক স্বাধীনতার পরিপন্থী বলে জানাল দেশের শীর্ষ আদালত।তাই পিআইবি-কে সত্যতা যাচাইয়ের সরকারি মাধ্যম হিসেবে স্বীকৃতি প্রদানের বিরুদ্ধে বম্বে হাইকোর্টে আবেদন জানিয়েছিলেন কৌতুকশিল্পী কুণাল কামরা এবং এডিটর্স গিল্ড অফ ইন্ডিয়া। বম্বে হাইকোর্ট সরকারি সিদ্ধান্তের সপক্ষেই রায় দেয়। এর পর শীর্ষ আদালতে মামলাটি ওঠে। সেখানে বৃহস্পতিবার শুনানি চলাকালীন কেন্দ্রের বিজ্ঞপ্তির উপর স্থগিতাদেশ বসল। ২০২১ সালের তথ্যপ্রযুক্তি (মধ্যস্থতাকারী নির্দেশিকা এবং ডিজিটাল মিডিয়া নীতি-নিয়ম) আইনে গত বছর সংশোধন ঘটায় কেন্দ্র, তাতে পি আইবি-কে সত্যতা যাচাইয়ের বিশেষ অধিকার দেওয়া হয়। সেই নিয়ে বিতর্ক বাধলে, পি আই বি-র নাম সাময়িক সরিয়ে নেওয়া হয় কেন্দ্রের তরফে। কিন্তু লোকসভা নির্বাচনের ঠিক আগে, বুধবার বিজ্ঞপ্তি দিয়ে

এরপর ৩ পাতায়



## রোহিঙ্গাদের ভারতে প্রবেশ অবৈধ,
# নিরাপত্তার শঙ্কা থাকছে! জানাল কেন্দ্র



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** বিশ্বের সবথেকে বেশি জনসংখ্যার দেশ ভারত! উন্নয়নশীল দেশও বটে। এই অবস্থায় ভারতের নাগরিকরদেরই অগ্রাধিকার দেওয়া হবে। সুপ্রিম কোর্টে এমনটাই জানাল কেন্দ্রীয় সরকার। শুধু তাই নয়, ভারতে রোহিঙ্গাদের অভিবাসন জাতীয় নিরাপত্তার উপর গুরুতর প্রভাব ফেলবে বলেও আশঙ্কা।কখনও সমুদ্র পেরিয়ে তো কখনও সীমান্তে নজর এড়িয়ে বিভিন্ন দেশে ঢুকছে রোহিঙ্গারা। ভারতের কাছেও তা বড় চ্যালঞ্জ। যদিও রোহিঙ্গা মুসলিমরা উদ্বাস্তু নয়, অবৈধ অভিবাসী বলে দাবি করে আসছে মোদী সরকার। এমনকি ২০১৭ সালের একটি হিসাব উল্লেখ করে সরকার একটা সময় জানায় যে, ভারতে প্রায় ৪০ হাজার রোহিঙ্গা মানুষের বাস রয়েছে। যদিও এখন তা অনেকটাই বেড়ে গিয়েছে বলে শঙ্কা। বিশেষ করে বাংলা সহ সীমান্ত রাজ্যগুলি পেরিয়ে রোহিঙ্গা অনুপ্রবেশ নিয়ে বিশেষ সতর্ক কেন্দ্রীয় গোয়েন্দা সংস্থাগুলি। এই অবস্থায় কেন্দ্রের মনোভাব যথেষ্ট গুরুত্বপূর্ণ বলেই মনে করা হচ্ছে।এই অবস্থায় রোহিঙ্গাদের ভারতে প্রবেশ সম্পূর্ণ অবৈধ বলেও সুপ্রিম কোর্টে জমা দেওয়া হলফনামায় উল্লেখ বলে জানা গিয়েছে।দেশের ববিভিন্ন জেলে বন্দি রোহিঙ্গাদের ছেড়ে দেওয়ার দাবিতে সুপ্রিম কোর্টে মামলা হয়। সেই মামলায় সম্প্রতি হলফনামা জমা দেয় কেন্দ্রীয় সরকার। আর সেই হলফনামায় রোহিঙ্গাদের নিয়ে মোদী সরকারের অবস্থান উঠে এসেছে।

শুধু তাই নয়, ভারতে বসবাসকারী রোহিঙ্গারা কোনও মৌলিক অধিকার দাবি করতে পারে না বলেও দাবি সরকারের। এমনকি ভারতে আসা রোহিঙ্গাদের বিদেশি হিসাবেও গ্রহণ করা যাবে না বলেও দাবি করা হয়েছে হলফনামায়। কেন্দ্রের দাবি, একজন বিদেশী ২১ অনুচ্ছেদের অধীনে জীবন এবং স্বাধীনতার অধিকার ভোগ করে।

কোনও ভাবেই স্থায়ী বসবাস কিংবা বসতি স্থাপনের মৌলিক অধিকার দাবি করতে পারে না। ভারতীয়দের জন্য এই অধিকারের কথা বলা হয়েছে বলেও এদিন কেন্দ্রের তরফে জমা দেওয়া হলফনামায় দাবি করা হয়েছে। ভারতে বিভিন্ন সময় যেভাবে রোহিঙ্গারা ঢুকেছে তাও উল্লেখ করা হয়েছে।

সুপ্রিম কোর্টে জমা দেওয়া হলফনামায় কেন্দ্রের আরও দাবি, এভাবে অনুপ্রবেশ কখনও ভালো নয়। বিপদ ডেকে আনতে পারে বলেও দাবি করা হয়েছে। শীর্ষ আদালতে জমা দেওয়া এহেন হলফনামা ঘিরে শুরু হয়েছে রাজনৈতিক বিতর্ক। বলে রাখা প্রয়োজন, বিশ্বের একাধিক দেশের কাছে রোহিঙ্গা বড় চ্যালেঞ্জ।

## অভিষেকের বিরুদ্ধে লড়তে পারেন তারই পিসি



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** আসন্ন লোকসভা নির্বাচন । সম্প্রতি ২০২৪ লোকসভা ভোটের দিনক্ষণও ঘোষণা করে দিয়েছে জাতীয় নির্বাচন কমিশন। ১৯ এপ্রিল থেকে শুরু হচ্ছে ভোটদান প্রক্রিয়া। ইতিমধ্যেই বাংলায় ৪২ আসনের প্রার্থী তালিকা ঘোষণা করে দিয়েছে শাসকদল তৃণমূল কংগ্রেস ।সূত্রের খবর, ডায়মন্ডহারবার কেন্দ্রে বিজেপির ভরসার জায়গা হতে পারেন একদা মমতার ছায়াসঙ্গী, সোনালী গুহ । অভিষেক তাকে পিসি বলেই সম্বোধন করতেন। সূত্রের খবর, অভিষেক বন্দ্যোপাধ্যায়ের বিরুদ্ধে প্রার্থী করার জন্য ইতিমধ্যেই প্রস্তাব দেওয়া হয়েছে সোনালিদেবীকে। সবকিছু ঠিক থাকলে ডায়মন্ড হারবারে থেকে অভিষেকের বিরুদ্ধে দাঁড়াবেন তিনবারের প্রাক্তন তৃণমূল বিধায়ক সোনালী। জানা যায়, অভিষেককের লোকসভা কেন্দ্রের অন্তর্গত সাতগাছিয়ার বিধায়ক ছিলেন সোনালী। বিজেপিতে যোগদানের পর গত বছর বিজেপির মহিলা মোর্চার রাজ্য কমিটির সদস্য করা হয়েছে তাকে। অভিষেক গড় ডায়মন্ড হারবারের দায়িত্বই রয়েছে তার কাঁধে। তৃণমূলে থাকতে সোনালীকে পিসি বলে ডাকতেন অভিষেক। অভিষেককেও বাবু বলে ডাকতেন সোনালী। এবার সেই সোনালীই ভোটযুদ্ধে অভিষেকের মুখোমুখি হতে পারেন ।ব্রিগেডের মঞ্চ থেকে লোকসভার সমস্ত প্রার্থীকে এক সঙ্গে নিয়ে রীতিমতো চমকে দিয়েছে সকলকে। তবে বাংলার প্রধান বিরোধী দল বিজেপি এখনও সমস্ত কেন্দ্র থেকে তাদের প্রার্থী দিতে পারেনি। তবে শোনা যাচ্ছে সবকিছু ঠিক থাকলে বৃহস্পতিবারই লোকসভা ভোটের তৃতীয় তালিকা প্রকাশ করতে পারে গেরুয়া শিবির।

বিজেপির প্রকাশ করা প্রথম তালিকায় ছিল বাংলার ২০ জন প্রার্থীর নাম। যদিও আসানসোল কেন্দ্র থেকে লড়বেন না বলেই জানিয়েছেন ভোজপুরী গায়ক পবন সিং। সূত্রের খবর, আজ বাকি প্রার্থীদের নাম ঘোষণা করতে পারে বিজেপি। তালিকায় থাকতে পারে বাংলার ২৩ জনের নাম। আর এরই মধ্যে জল্পনার পারদ চড়ছে হাইভোল্টেজ ডায়মন্ড হারবার কেন্দ্র নিয়ে।

জানা যাচ্ছে, ডায়মন্ডহারবার লোকসভা কেন্দ্র প্রার্থী নিয়ে চিন্তায় রয়েছে গেরুয়া শিবির। একেই সেখানকার সাংসদ অভিষেক। ২৪ লোকসভা নির্বাচনেও তিনিই ওই কেন্দ্র থেকে দাঁড়াচ্ছেন। আর তৃণমূলের সেকেন্ড ইন কমান্ড অভিষেক বন্দ্যোপাধ্যায়ের সঙ্গে মুখোমুখি লড়াইয়ের জন্য প্রার্থী নিয়ে ভাবনা বাড়ছে পদ্মে।

## ব্লসম কোচার অ্যারোমা ম্যাজিক
# তার নতুন হাইড্রা প্রো+ এডভান্স সিরাম মাস্ক লঞ্চ করলো



**কলকাতা,২০ শে মার্চ ২০২৪: নিউজ সারাদিন :** ব্লসম কোচার অ্যারোমা ম্যাজিক, অ্যারোমা থেরাপির একজন লিডার, তার নতুন হাইড্রা প্রো+ অ্যাডভান্সড সিরাম মাস্ক লঞ্চ করলো। এই সিগনেচার অফারটি হল হায়ালুরোনিক অ্যাসিড, প্রো ভিটামিন বি৫, রোজ এসেনশিয়াল অয়েল এবং অ্যালোভেরা জেল সহ শক্তিশালী উপাদানের মিশ্রণ, যা সেলুন এবং স্পা অভিজ্ঞতায় বিপ্লব ঘটানোর জন্য তৈরি করা হয়েছে।


হাইড্রা প্রো+ সিরাম হল ত্বকের যত্নে একটি গেম-চেঞ্জার, যা নিশ্ছিদ্র ত্বকে দ্রুত এবং কার্যকর পথ প্রদান করে। গভীর হাইড্রেশনের উপর মনোযোগ দিয়ে, এটি ত্বককে তার সেরা দেখায়, এছাড়াও বলিরেখা কমায় এবং মুক্ত করে কণা থেকে রক্ষা করে এই উন্নত সিরামটি প্রাকৃতিক বাধা রক্ষা করে এবং সর্বোত্তম আর্দ্রতার মাত্রা বজায় রেখে জ্বালা এবং প্রদাহকে প্রশমিত করার, দাগ ম্লান করে এবং ত্বককে পুনরুজ্জীবিত করার ক্ষমতা রাখে।

প্রাকৃতিক এবং পুষ্টিকর স্কিন কেয়ার প্রতি ব্লসম কোচার প্রতিশ্রুতির প্রমাণ হিসাবে, হাইড্রা প্রো+ অ্যাডভান্সড সিরাম মাস্ক কিটটি সমস্ত ধরনের ত্বকের জন্য তৈরি করা হয়েছে, এতে পাঁচটি অ্যারোমা ম্যাজিক প্রো ট্রিটমেন্টের জন্য পণ্য রয়েছে। কিটের মধ্যে রয়েছে সিরাম এক্টিভেটর লোশন (১.৬৯ ফ্লুইড আউন্স / ৫০ এমএল x ০১), হাইড্রা প্রো + সিরাম (০.৩৩ ফ্লুইড আউন্স / ১০ এমএল x ১০), এবং ক্যান্ডি মাস্ক (১০ পিসি)। উপরন্তু, কিটটি একটি বিনামূল্যের অ্যাম্পুল কাটার (১ পিসি), বোল (১ পিসি), এবং টং (১ পিসি) সহ আসে, সমস্তই চিন্তাভাবনা করে একটি পুনর্ব্যবহারযোগ্য এবং বায়োডিগ্রেডেবল পেপার কার্টুনে প্যাকেজ করা হয়।

ব্লসম কোচার অ্যারোমা ম্যাজিক হাইড্রা প্রো+ অ্যাডভান্সড সিরাম মাস্ক-এর সাহায্যে আপনার ত্বকের যত্নের পদ্ধতিকে উন্নত করুনু যেখানে প্রকৃতি উজ্জ্বল, স্বাস্থ্যকর ত্বকের জন্য নতুনত্বের সাথে মিলিত হয়।







## ২৪ ঘন্টার বেশি সময় সময় ধরে
# তল্লাশি স্বরূপ বিশ্বাসের বাড়িতে! কোন গুরুত্বপূর্ণ নথি খুঁজছে আয়কর দফতর?



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** অরূপ বিশ্বাসের ভাই স্বরূপ বিশ্বাসের ফ্ল্যাট সহ ৬ জায়গায় হানা দেন আয়কর দফতরের কর্তারা। বেহালার পর্ণশ্রী এলাকার একাধিক জায়গায় তল্লাশি চালানো হয় বলে খবর। স্বরূপ-পত্নী জুঁইয়ের তৃণমূল কার্যালয়ের পাশাপাশি 'ইডেন রিয়েল এস্টেট' ও 'মাল্টিকন রিয়েল এস্টেট' নামের দুই সংস্থার উচচপদস্থ কর্তা এবং আধিকারিকদের বাড়িতেও হাজির হয়েছিলেন আই টি কর্তারা।এদিকে, স্বরূপ এবং তাঁর স্ত্রী জুঁইকে জিজ্ঞাসাবাদ করা হয় বলে খবর। ২৪ ঘণ্টা পরেও রাজ্যের বিদ্যুতমন্ত্রী অরূপের ভাইয়ের আবাসনেই রয়েছেন তাঁরা। জানা যাচ্ছে, এখনও কয়েকজন আধিকারিক সেখানে তল্লাশি চালাচ্ছেন। পাশাপাশি চলছে জিজ্ঞাসাবাদ। স্বরূপের ফ্ল্যাটে ঠিক কী কারণে তল্লাশি চালানো হচ্ছে তা আনুষ্ঠানিকভাবে না জানালেও, কিছু নথিপত্রের খোঁজ চলছে বলে খবর। এলাকার দাপুটে তৃণমূল নেতা হিসেবে পরিচিত স্বরূপ

এরপর ৩ পাতায়






## প্রার্থী বাছাইয়েও শুভেন্দু-সুকান্ত দ্বন্দ্ব,
# সিদ্ধান্ত নিতে হিমশিম খাচ্ছে দিল্লি



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** কুড়ি আসনে প্রার্থীদের নাম ঘোষণা করে থেমে গিয়েছে বিজেপি । উল্টোদিকে তৃণমূল প্রচারে ঝাঁপিয়ে পড়েছে পুরোদমে। বিভিন্ন আসনে একাধিক নাম দিয়েছে বঙ্গ বিজেপি নেতারা। শুভেন্দু অধিকারী ও সুকান্ত মজুমদারদের আলাদা পছন্দের প্রার্থীদের নাম রয়েছে বিভিন্ন কেন্দ্রে।তাঁর আমলেই উনিশের লোকসভা ভোটে বাংলা থেকে ১৮টি আসন পেয়েছিল বিজেপি। এদিকে, মেদিনীপুর আসনে প্রার্থী নিয়ে জট না কাটা প্রসঙ্গে দিলীপ ঘোষকে জিজ্ঞেস করা হলে তিনি বলেন, 'পার্টি সব রাজ্য নিয়েই ভাবে। বিজেপির তরফে চার-পাঁচটি রাজ্যে প্রার্থীদের নাম একসঙ্গে ঘোষণা করা হচ্ছে।' দল প্রার্থী না করলে পরবর্তী পদক্ষেপ কী? দিলীপের তাৎপর্যপূর্ণ জবাব, আগে তো ঘোষণা হোক তারপর পদক্ষেপ। উত্তর কলকাতা আসনে প্রার্থী হওয়ার সম্ভাবনা সদ্য তৃণমূল

এরপর ৩ পাতায়

১-ম পাতার পর

# লোকসভা ভোটের আগে তৃণমূলের 'ভয়' নিয়ে কটাক্ষ দিলীপের

কলকাতায় এবং কলকাতার আশেপাশে জেলা শহরে।

আজকাল একই রকম ভাবে পুকুর বোজানো ও বেআইনিভাবে বাড়ি তৈরি করা হচ্ছে বলে মন্তব্য করেছেন দিলীপ ঘোষ। অনুমতি না নেওয়া, তারপরে এই ধরনের ঘটনা যেখান সেখানে ছোটখাটো ঘটেছে। তবে গার্ডেনরিচের ঘটনা বড় হয়ে গিয়েছে। তিনি বলেছেন, পশ্চিমবঙ্গ জুড়ে যে রাজ চলছে, তাতে পরিণাম আরও দুর্ঘটনা ও আরও প্রাণহানি। সরকার সব জানলেও দায় নিতে রাজি নয় বলে কটাক্ষ করেছেন তিনি।

গার্ডেনরিচে তৃণমূলেরই বোরো চেয়ারম্যান স্বীকার করে নিয়েছেন, ১০০টা নির্মাণের মধ্যে ১০টা অবৈধ। এই স্বীকারোক্তি সম্পর্কে দিলীপ ঘোষ বলেন, সবাই সব জানলেও কেউ বলতো না। এখন ওদের পার্টির লোকরা বলতে বাধ্য হচ্ছে। কারণ এরকম ঘটনা ঘটলে তাঁদেরই মার খেতে হবে।

কলকাতার ডেপুটি মেয়র অতীন ঘোষের পর এবার বেআইনি নির্মাণ নিয়ে বিস্ফোরক বিধাননগরের চেয়ারম্যান সব্যসাচী দত্ত। সল্টলেকে বেআইনি নির্মাণের রমরমা নিয়ে অভিযোগ করেছেন সব্যসাচী। তাঁর অভিযোগ পুরমন্ত্রী ও সল্টলেকের মেয়রকে জানিয়েও লাভ হয়নি। এব্যাপারে দিলীপ ঘোষ বলেন, এই সরকারের এটাই নীতি হয়ে গেছে। তারা পার্টির নেতা-নেত্রীদের করে খাওয়ার ব্যবস্থা করে দিয়েছে।

সব কেন্দ্রে, মমতা বন্দ্যোপাধ্যায়ই মুখ। এমনটা মনে করেন না উদয়ন গুহ। কাজ না করে শুধু মমতা বন্দ্যোপাধ্যায়ের ছবি দিয়ে ভোট হয় না, বলেছেন তিনি। এব্যাপারে মন্তব্য করতে গিয়ে দিলীপ ঘোষ বলেছেন, মমতা বন্দ্যোপাধ্যায়ের নামেই ভোট হয় এবং যা গণ্ডগোল হয়েছে, তার দায়ও ওনার। সেই জন্য এই প্রমোটিংরাজ থেকে শুরু করে খুন খারাপি, শাহজাহান রাজ, সবের জন্য দায়ী মমতা বন্দ্যোপাধ্যায়। ওনার জন্যই সাধারণ মানুষকে ভুগতে হচ্ছে বলে মন্তব্য করেছেন দিলীপ ঘোষ।

১-ম পাতার পর

# ভুয়ো খবর বাছাইয়ের নামে স্বাধীনতা হরণ? কেন্দ্রের পি আই বি বিজ্ঞপ্তিতে স্থগিতাদেশ সুপ্রিম কোর্টের

জানানো হয়, পি আই বি-র সত্যতা যাচাই বিভাগই কেন্দ্রীয় সরকার সম্পর্কে অনলাইন মাধ্যমে যাবতীয় ভুয়ো খবর যাচাইয়ের সরকারি মাধ্যম। কেন্দ্রীয় সরকার সম্পর্কে কোনও ভুল খবর গেলে, পি আই বিসেগুলি চিহ্নিত করবে এবং সেই মতো পদক্ষেপ করতে পারবে।কেন্দ্রের এই বিজ্ঞপ্তি সামনে আসার পরই শোরগোল পড়ে যায়। কারণ ২০২১ সালে তথ্যপ্রযুক্তি আইন অনুযায়ী, ওয়েবসাইট থেকে সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্মগুলিতে কোনও খবর ভুল, বিভ্রান্তিকর এবং বেঠিক বলে চিহ্নিত হলে অনলাইন মাধ্যমগুলি আইনি নিরাপত্তা হারাতে পারে। সেক্ষেত্রে ওই খবর তুলে নিতে হবে। তাই নির্বাচনের আগে সরকার বিরোধী কণ্ঠস্বরগুলিকে দমিয়ে রাখতেই কেন্দ্র পি আই বি-কে ব্যবহার করছে বলে অভিযোগ ওঠে। পি আই বি-র গ্রহণযোগ্যতা নিয়েও প্রশ্ন রয়েছে। কারণ এর আগে, একাধিক বার যথার্থ খবরকে ভুয়ো হিসেবে দাগিয়ে দেওয়ার নজির রয়েছে পি আইবি-র। তাই পি আইবি-কে ব্যবহার করে কোন খবর প্রকাশিত হবে, আর কোনটি হবে না, বকলমে সরকার তা নিয়ন্ত্রণ করতে চাইছে বলে অভিযোগ ওঠে। আজকের দিনে ভুয়ো খবর যে অত্যন্ত বিপজ্জনক হয়ে উঠেছে, সেই নিয়ে কোনও সংশয় নেই যদি। কিন্তু পি আই বি-র হাতে গুরুদায়িত্ব অর্পণ করে সরকার আদৌ ভুয়ো খবর নিয়ন্ত্রণে সচেষ্ট নাকি সরকার-বিরোধী কণ্ঠস্বর দমনে উৎসুক, সেই নিয়ে প্রশ্ন ওঠে। কারণ সম্প্রতি আন্তর্জাতিক সংবাদমাধ্যম 'Al Jazeera'-য় প্রকাশিত CAA নিয়ে একটি রিপোর্টকে 'ভুয়ো' বলে চিহ্নিত করে PIB. দু'টি রিজয়েন্ডারও দেওয়া হয় 'Al Jazeera'-কে। কিন্তু তাতে যে যে প্রশ্ন তোলা হয়, 'অষ Jazeera'র প্রতিবেদনে সেই সংক্রান্ত কোনও তথ্যই ছিল না বলে উঠে আসে পরবর্তীতে।

১-ম পাতার পর

# ভোটের মুখে আচমকা ইস্তফা শীতলকুচির সেই আইপিএস-এর

ওয়েটিং'-এ রয়েছেন।ভোটের মুখে আইপিএস দেবাশিস ধরের আচমকা এই ইস্তফা ঘিরে জোর জল্পনা তৈরি হয়েছে। সম্প্রতি রাজ্যের আরও এক পুলিশ কর্তা প্রসূন বন্দ্যোপাধ্যায়ও আইপিএস পদে ইস্তফা দিয়েছেন। আর ইস্তফা দিয়েই এই প্রাক্তন আইপিএস লোকসভা ভোটে প্রার্থী হয়েছেন তৃণমূলের টিকিটে। মালদা উত্তর থেকে তাঁকে প্রার্থী করেছে তৃণমূল কংগ্রেস। এমন অবস্থায় লোকসভা ভোটের মুখে আরও এক আইপিএস-এর ইস্তফা স্বাভাবিকভাবেই গুঞ্জন বাড়িয়েছে বঙ্গরাজনীতিতে।

২ পাতার পর

# প্রার্থী বাছাইয়েও শুভেন্দু-সুকান্ত দ্বন্দ্ব, সিদ্ধান্ত নিতে হিমশিম খাচ্ছে দিল্লি

ছেড়ে আসা প্রাক্তন বিধায়ক তাপস রায়ের। দমদমে সম্ভাব্য প্রার্থীর তালিকায় রয়েছে সৌরভ শিকদার, শীলভদ্র দত্তর নাম। দক্ষিণ কলকাতায় ডা. ইন্দ্রনীল খাঁ ও বৈশালী ডালমিয়ার নাম জল্পনায়।

আর সেখান থেকে একজনকে চূড়ান্ত করতে হিমশিম খেতে হচ্ছে কেন্দ্রীয় নেতাদের। ফলে বাকি আসনে প্রার্থী তালিকা ঘোষণায় দেরি হওয়ায় ক্ষোভ পদ্ম শিবিরেও। বহু আসনেই হাত গুটিয়ে বসে থাকতে হচ্ছে বিজেপির নেতা-কর্মীদের।

ঘোষণা না হওয়া আসনগুলির মধ্যে জোর জল্পনা ও প্রশ্ন, বিজেপির দ্বিতীয় তালিকায় মেদিনীপুর আসনে দিলীপ ঘোষের নাম কি থাকবে? দলের প্রাক্তন রাজ্য সভাপতি কি টিকিট পাচ্ছেন? এটা নিয়েই আলোচনা চলছে বঙ্গ বিজেপির অন্দরে। প্রায় গত সপ্তাহ পর্যন্ত মেদিনীপুরে নিজের কেন্দ্রে টানা কর্মসূচি করছিলেন বিদায়ী সাংসদ। কিন্তু গত ১৫ মার্চ থেকে আর মেদিনীপুরমুখী হচ্ছেন না দিলীপ। দলের অন্দরেই জল্পনা, এবার মেদিনীপুরে তাঁকে প্রার্থী করা হচ্ছে না। তৃণমূল প্রার্থী অভিনেত্রী জুন মালিয়ার বিরুদ্ধে প্রাক্তন আইপিএস ভারতী ঘোষকে দাঁড় করাতে পারে বিজেপি।অবশ্য দিলীপ-ঘনিষ্ঠদের আশা, মেদিনীপুরেই প্রার্থী হচ্ছেন দিলীপ ঘোষ। এই দোটানার মধ্যে মেদিনীপুরে কার্যত হাত গুটিয়ে বসে রয়েছে দিলীপ ঘোষ-ঘনিষ্ঠরা। সূত্রের খবর, দলের মধ্যেই সুকান্ত মজুমদার ও শুভেন্দু অধিকারীরা চাইছেন না মেদিনীপুরে দিলীপকে প্রার্থী করতে। দিলীপকে অন্য আসনে প্রার্থী করার কথা শোনা যাচ্ছে। দলের একাংশ মনে করছে, দিলীপ ঘোষকে এক ঝটকায় দলের সর্বভারতীয় সহ-সভাপতি পদ থেকে সরিয়ে দেওয়া হয়েছিল। এবার প্রার্থী না করা হলে দলের পুরনো নেতা-কর্মীদের মধ্যে তার প্রভাব পড়তে পারে। ক্ষোভ দানা বাঁধতে পারে দলের মধ্যে। কারণ, বঙ্গ বিজেপির সবচেয়ে সফলতম সভাপতি দিলীপ ঘোষ।তাঁর আমলেই উনিশের লোকসভা ভোটে বাংলা থেকে ১৮টি আসন পেয়েছিল বিজেপি। এদিকে, মেদিনীপুর আসনে প্রার্থী নিয়ে জট না কাটা প্রসঙ্গে দিলীপ ঘোষকে জিজ্ঞেস করা হলে তিনি বলেন, 'পার্টি সব রাজ্য নিয়েই ভাবে। বিজেপির তরফে চার-পাঁচটি রাজ্যে প্রার্থীদের নাম একসঙ্গে ঘোষণা করা হচ্ছে।' দল প্রার্থী না করলে পরবর্তী পদক্ষেপ কী? দিলীপের তাৎপর্যপূর্ণ জবাব, আগে তো ঘোষণা হোক তারপর পদক্ষেপ। উত্তর কলকাতা আসনে প্রার্থী হওয়ার সম্ভাবনা সদ্য তৃণমূল ছেড়ে আসা প্রাক্তন বিধায়ক তাপস রায়ের। দমদমে সম্ভাব্য প্রার্থীর তালিকায় রয়েছে সৌরভ শিকদার, শীলভদ্র দত্তর নাম। দক্ষিণ কলকাতায় ডা. ইন্দ্রনীল খাঁ ও বৈশালী ডালমিয়ার নাম জল্পনায়।

২ পাতার পর

# ২৪ ঘন্টার বেশি সময় সময় ধরে তল্লাশি স্বরূপ বিশ্বাসের বাড়িতে! কোন গুরুত্বপূর্ণ নথি খুঁজছে আয়কর দফতর?

বিশ্বাস। এবার তাঁর বাড়িতেই আয়কর তল্লাশি। কী কারণে আচমকা হানা দিলেন আয়কর দফতরের আধিকারিকরা? কীসের খোঁজ চলছে? এই প্রশ্নের উত্তর জানা যাবে একমাত্র আধিকারিকরা তল্লাশি শেষ করে বাইরে এলে।জানা যাচ্ছে, এই দুই রিয়েল এস্টেট সংস্থার বিরুদ্ধে কর ফাঁকির অভিযোগ রয়েছে। তবে অরূপ বিশ্বাসের ভাইয়ের বাড়িতে কেন তল্লাশি চলছে সেই বিষয়ে এখনও আনুষ্ঠানিকভাবে কিছু জানা যায়নি।

ইতিমধ্যেই ২৪ ঘনটা অতিক্রান্ত। গোটা এলাকা ঘিরে ফেলেন কেন্দ্রীয় বাহিনীর জওয়ানরা। এরপর শুরু হয় তল্লাশি। আয়কর দফতর সূত্রে জানা যাচ্ছে, অরূপ-সহোদর স্বরূপ এবং স্ত্রী জুঁইয়ের আয়কর রিটার্ন বেশ কিছু গড়মিল রয়েছে। সেই কারণেই কি গত ২৪ ঘণ্টা ধরে চিরুনি তল্লাশি চলছে স্বরূপদের আবাসনে? বিগত একদিন ধরে কী খুঁজছেন তাঁরা? আই টি কর্তাদের হাতে কি কোনও গুরুত্বপূর্ণ নথি এসেছে নাকি তল্লাশিতে এখনও কিছুটা সময় লাগবে? দেখা দিয়েছে এমনই নানান প্রশ্ন।

# হোয়াটসঅ্যাপে 'বিকশিত ভারতে'র মেসেজ পাঠানো যাবে না, আপত্তি কমিশনের

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** হোয়াটসঅ্যাপে বিকশিত ভারত সংক্রান্ত মেসেজ পাঠানো যাবে না। কেন্দ্রের জন্য কড়া নির্দেশিকা জারি করল নির্বাচন কমিশন । লোকসভা নির্বাচনের নির্ঘণ্ট প্রকাশ হয়ে আদর্শ আচরণবিধি জারি হওয়ার পরেও এই বার্তা পাঠানো হয়েছে আমজনতার কাছে। সেই মর্মে একাধিক অভিযোগ পেয়েই এই নির্দেশ কমিশনের।শুধু তৃণমূল নয়, বিকশিত ভারতের হোয়াটসঅ্যাপ মেসেজ নিয়ে আপত্তি তুলে একাধিক অভিযোগ দায়ের হয় নির্বাচন কমিশনে। আদর্শ আচরণবিধি লঙ্ঘনের অভিযোগ পেয়েই কমিশন নড়েচড়ে বসে। বৃহস্পতিবার নির্দেশিকা দিয়ে কমিশন জানিয়ে দেয়, এই মেসেজ পাঠানো বন্ধ করতে হবে অবিলম্বে। তথ্য প্রযুক্তি মন্ত্রককে এই নির্দেশিকাও পাঠিয়ে দিয়েছে কমিশন। নির্দেশ কার্যকরের পরে সেই রিপোর্ট জমা দিতে হবে কমিশনের কাছে।

তবে কেন্দ্রের তরফেও সাফাই দেওয়া হয়েছে বিকশিত ভারতের মেসেজ নিয়ে। তথ্য প্রযুক্তি মন্ত্রক জানিয়েছে, আদর্শ আচরণবিধি কার্যকর হওয়ার আগেই এই মেসেজ হোয়াটসঅ্যাপের মাধ্যমে সকলের কাছে পাঠিয়ে দেওয়ার পরিকল্পনা ছিল। নির্বাচনের দিনক্ষণ প্রকাশ হওয়ার আগেই পাঠিয়ে দেওয়া হয়েছিল এই চিঠি। তবে বেশ কিছু যান্ত্রিক ত্রুটি থাকার কারণে হয়তো কয়েকজনের কাছে বার্তা পৌঁছতে দেরি হয়েছে। তবে এই বার্তা আর পাঠানো যাবে না বলে সাফ নির্দেশিকা দিয়ে দিল কমিশন।হোয়াটসঅ্যাপে বিকশিত ভারতের মেসেজ পাঠানো নিয়ে কমিশনের অভিযোগ দায়ের করেছিল তৃণমূল। দলের মতে, সরকারি অর্থে ভোটপ্রচার করেছেন নরেন্দ্র মোদি । গত সপ্তাহে নির্বাচন ঘোষণার প্রাক্কালে মোদি 'বিকশিত ভারত'-এর লক্ষে দেশবাসীর সমর্থন চেয়ে খোলা চিঠি লেখেন। সেই চিঠি সবার কাছে পৌঁছয় ১৬ মার্চ। দেশে আদর্শ আচরণ বিধি জারি হওয়ার পর সরকারি টাকা ব্যবহার করে সরকারি প্রকল্পের প্রচার করে জনগণকে খোলা বার্তা দেওয়া হয়েছে যা নিয়মবিরুদ্ধ।

# পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখতে রুট মার্চ কেন্দ্রীয় বাহিনীর

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ঘাটাল লোকসভা কেন্দ্রে এবার দুই অভিনেতার টক্কর,একদিকে দেব অপরদিকে হিরণ। ঘাটালে দুই অভিনেতার প্রচার চলছে জোরকদমে। আর ভোটের আগে কমিশনের নির্দেশ মেনে ঘাটালে চলছে একদিকে বাহিনীর রুট মার্চ অপরদিকে সরকারি জায়গা থেকে রাজনৈতিক দলের পতাকা খোলার কাজ। নির্বাচনী আদর্শ আচরণবিধির লাঘু হতেই পশ্চিম মেদিনীপুর জেলার ঘাটাল ব্লকের বিভিন্ন সরকারি জায়গাগুলি থেকে প্রশাসনের উদ্যোগে খুলে ফেলা হচ্ছে রাজনৈতিক দলের পতাকা ফেস্টুন।

ঘাটাল লোকসভা কেন্দ্রের অন্তর্ভুক্ত ঘাটাল,দাসপুর বিধানসভা। এই কেন্দ্রে এবারের নির্বাচনে দুই অভিনেতার লড়াই হবে, ভোটের আগে তৃণমূলের প্রার্থী দেব ও বিজেপির হিরণ চট্টোপাধ্যায় প্রায় প্রতিনিয়তই প্রচার ও জনসংযোগ সারছেন ঘাটাল ও দাসপুরে। প্রার্থীদের প্রচারের সঙ্গে ভোটারদের আশ্বস্ত করতে চলেছে কেন্দ্রীয় বাহিনীর রুট মার্চও। এলাকায় বাহিনীর রুট মার্চকে স্বাগত জানিয়ে গ্রামবাসীরা জানাচ্ছেন এটা ভালোই হচ্ছে, মানুষের মধ্যে যাতে ভয়ভীতি না তৈরি হয় তার জন্য এই রুট মার্চ ভালো। ২৫ শে মে ঘাটাল লোকসভা কেন্দ্রে রয়েছে ভোট গ্রহন,ভোট কেমন হয় সেদিকে নজর থাকবে সকলের।এমনি ছবি দেখা গেল আজ দুপুর নাগাদ ঘাটাল ব্লকের বিভিন্ন এলাকায়। নির্বাচন কমিশনের কড়া নির্দেশ রয়েছে আজকের মধ্যে রেলস্টেশন,বাসস্ট্যান্ড, এয়ারপোর্ট-সহ সরকারি জায়গা থেকে রাজনৈতিক দলের প্রচারমূলক ব্যানার, ফেস্টুন পতাকা খুলে নেওয়ার। সেই মতো ঘাটাল ব্লকের বিভিন্ন জায়গায় সরকারি জায়গা থেকে রাজনৈতিক দলের পতাকা খুলে ফেলতে দেখা গেল প্রশাসনকে। একদিকে যেমন কমিশনের নির্দেশে সরকারি জায়গা থেকে রাজনৈতিক দলের পতাকা সরানোর কাজ করছে প্রশাসন। অপরদিকে ঘাটাল বিধানসভা এলাকায় কেন্দ্রীয় বাহিনীর রুট মাচ চলছে জোরকদমে। এককথায় লোকসভা নির্বাচন ঘোষণা হতেই কমিশনের নির্দেশ পালনে এবং শান্তিপূর্ণ ভোটের লক্ষ্য ততপর পুলিস প্রশাসনও। আজ ঘাটাল বিধানসভার কুরান এলাকায় কেন্দ্রীয় বাহিনীর জওয়ানরা ঘাটাল থানার পুলিসকে নিয়ে রুট মাচ করে। এলাকায় রুট মাচে গিয়ে জওয়ানরা কথা বলেন গ্রামবাসীদের সঙ্গে। ভোট দেওয়া নিয়ে কোনও অসুবিধা আছে কিনা,কেউ ভয় দেখাচ্ছে কিনা? এমন কিছু ঘটলে হয় স্থানীয় থানা বা সরাসরি কেন্দ্রীয় বাহিনীকে জানানোর জন্য বলা হয়।

# রাজ্য ক্যাডারের আধিকারিকদের জেলাশাসক-এসপি পদ থেকে সরানোর নির্দেশ কমিশনের

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** নিরপেক্ষ নির্বাচনের স্বার্থে সরাসরি আইএএস ও আইপিএস নন, এমন আধিকারিকদের জেলাশাসক ও এসপির পদ থেকে সরাতে হবে। বৃহস্পতিবার দেশের প্রতিটি রাজ্যকে এমনই নির্দেশ দিয়েছে নির্বাচন কমিশন। অর্থাত রাজ্য ক্যাডারের কোনও আধিকারিককে জেলার দুই শীর্ষ পদে রাখা যাবে না।এদিন কমিশনের পক্ষ থেকে এক প্রেস বিবৃতিতে নন ক্যাডার হওয়ার কারণে গুজরাত, পশ্চিমবঙ্গ-সহ কয়েকটি রাজ্যে একাধিক জেলাশাসক-পুলিশ সুপারকে সরিয়ে দেওয়ার কথা জানানো হয়েছে। গুজরাতের ছোটা উদয়পুর, আমদাবাদ (গ্রামীণ), পঞ্জাবের পাঠানকোট, জলন্ধর, ফাজিলকা ও মালেরকোটলার পুলিশ সুপারদের অপসারিত করতে বলা হয়েছে। পাশাপাশি ওড়িশার ঢেঙ্কানলের জেলাশাসক এবং দেওঘর ও কটকের(গ্রামীণ) পুলিশ সুপারদের সরানোর নির্দেশ দেওয়া হয়েছে। শুধু এখানেই থামেননি নির্বাচন কমিশনের শীর্ষ কর্তারা। পরিবারের সদস্যদের সঙ্গে রাজনৈতিক যোগ থাকায় পঞ্জাবের ভাতিন্ডা ও অসমের শোনিতপুরের পুলিশ সুপারদেরও বদলির আদেশ দিয়েছে। দুজনেই অবশ্য সরাসরি আইপিএস ক্যাডার।অবিলম্বে ওই নির্দেশ কার্যকর করে তা কমিশনকে জানানোরও নির্দেশ দেওয়া হয়েছে।

প্রতিটি রাজ্যেই শাসকদলের বিরুদ্ধে রাজ্য ক্যাডারদের আধিকারিকদের জেলাশাসক ও পুলিশ সুপার পদে বসিয়ে ভোট বৈতরণী পার হওয়ার অভিযোগ উঠেছে। ওই অভিযোগের প্রেক্ষিতে এদিন নজিরবিহীন পদক্ষেপ নিয়েছে নির্বাচন কমিশন। প্রবীণ আমলারা মনে করছেন, কমিশনের এমন নির্দেশ অবাস্তব। কেননা, দেশের একাধিক রাজ্যে পর্যাপ্ত পরিমাণে সরাসরি আইএস-আইপিএস ক্যাডারের আধিকারিক নেই। ফলে নন ক্যাডারদের পদোন্নতি দিয়ে জেলাশাসক ও পুলিশ সুপারদের পদ পূরণ করতে বাধ্য হয় রাজ্য সরকারগুলি।




ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার

নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে

৩ বর্ষ ৮০ সংখ্যা ২২ মার্চ, ২০২৪ শুক্রবার ০৮ চৈত্র, ১৪৩০

## সম্পাদকীয়

### নির্বাচনের নির্ঘণ্ট ঘোষণার চার দিনের মধ্যেই লক্ষাধিক অভিযোগ, রিপোর্ট তলব কমিশনের

গত শনিবার লোকসভা নির্বাচনের নির্ঘণ্ট ঘোষণা হওয়ার পর থেকেই অভিযোগের পাহাড় জমছে নির্বাচন কমিশনের দপ্তরে। রাজ্যে মাত্র চার দিনেই নির্বাচনী আদর্শ আচরণবিধি ভঙ্গের অভিযোগের সংখ্যা সওয়া লক্ষ ছাড়িয়েছে বলে জানিয়েছে কমিশন। পাশাপাশি ইতিমধ্যেই বিপুল পরিমাণ মাদক, নগদ টাকা, দেশি ও বিলাতি মদ-সহ বেআইনি সামগ্রী বাজেয়াপ্ত হয়েছে এ রাজ্যে।এ প্রসঙ্গে প্রশ্নের উত্তরে অতিরিক্ত সিইও জানান,পশ্চিমবঙ্গের মুখ্যসচিবের কাছে আমরা রিপোর্ট চেয়েছি।একইভাবে কোচবিহারে মঙ্গলবার কেন্দ্রীয় মন্ত্রী নিশীথ প্রামাণিক ও রাজ্যের মন্ত্রী উদয়ন গুহর সমর্থকদের মধ্যে হাতাহাতির ঘটনা ঘটেছে, সে বিষয়েও জেলা প্রশাসনের কাছে রিপোর্ট চাওয়া হয়েছে। যদিও সূত্রের খবর, এদিন দুপুরেই সেই রিপোর্ট জেলা প্রশাসন ইমেলে পাঠিয়ে দিয়েছে। সেটি দিল্লিতে পাঠিয়েও দেওয়া হয়েছে। নিয়ম মতো এবারও চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশের পরও তাতে সংশোধনের কাজ চলছে। কমিশনের পক্ষ থেকে সব রাজ্য নির্বাচনী আধিকারিকদের জানিয়ে দেওয়া হয়েছে, সংশোধিত সেই 'আপডেটেড' ভোটার তালিকা অনুযায়ীই ভোটগ্রহণ হবে। প্রতি দফার শেষদিনে মনোনয়ন জমার শেষ দিনে চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ হবে। তা থেকেই ভোটগ্রহণ হবে। ভোটার সংখ্যা বাড়াতেই কমিশনের এই পদক্ষেপ।কমিশনের হিসাব অনুযায়ী চলতি মাসের প্রথম কুড়ি দিন অর্থাৎ বুধবার পর্যন্ত এই বাজেয়াপ্ত সামগ্রীর আর্থিক মূল্য প্রায় ৮২ কোটি টাকা। বাজেয়াপ্ত করার সামগ্রীর হিসাবে রাজ্য ও কেন্দ্রীয় সব এজেন্সির মধ্যে সর্বোচ্চ পারফরম্যান্স রাজ্য আবগারি দপ্তরের। তারা একাই বাজেয়াপ্ত করেছে ২১ কোটি টাকারও বেশি মদ ও মাদক জাতীয় সামগ্রী। বুধবার রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের অতিরিক্ত সিইও অরিন্দম নিয়োগী জানিয়েছেন, নির্ঘণ্ট ঘোষণার পর থেকে রাজ্যে মোট ১ লাখ ২৭ হাজার ৭২৬টি আদর্শ আচরণবিধি ভঙ্গের অভিযোগ জমা পড়েছে কমিশনের কাছে। এর মধ্যে প্রথম দফায় ভোটগ্রহণ হতে চলা কোচবিহার, জলপাইগুড়ি এবং আলিপুরদুয়ারে জমা পড়েছে যথাক্রমে ৫,৭২৬, ১,৯২৩ এবং ৩,৪৫৮টি অভিযোগ। কমিশন সূত্রে খবর, এর অধিকাংশই পতাকা, ফ্লেক্স, পোস্টার বা ব্যানার না সরানো নিয়ে। রেল স্টেশন, বাস স্ট্যান্ড, বিমানবন্দর বা জাতীয় সড়ক থেকে দ্রুত রাজনৈতিক দলের পোস্টার-ব্যানার সরাতে সব রাজ্যকেই নির্দেশ দিয়েছে কমিশন। ওই কাজ শেষ হয়েছে এই মর্মে আজ, বৃহস্পতিবার বিকেল পাঁচটার মধ্যে রিপোর্ট দিতে হবে।এদিকে, এবার ভোট সংক্রান্ত অভিযোগ জমা দেওয়ার জন্য 'সিভিজিল' নামে যে অ্যাপ কমিশন চালু করেছে, তাতে গত চার দিনে ২৫০টি অভিযোগ জমা পড়েছে। কোচবিহার থেকে নয়টি এবং আলিপুরদুয়ার ও জলপাইগুড়ি থেকে দুটি করে অভিযোগ জমা পড়েছে। নির্বাচন কমিশন আগেই জানিয়েছিল, অ্যাপে কোনও অভিযোগ জমা পড়লে ১০০ মিনিটের মধ্যে তার সমাধান করা হবে। গার্ডেনরিচে বহুতল ভাঙার ঘটনায় ক্ষতিগ্রস্ত পরিবারগুলোর জন্য আর্থিক সহায়তার কথা ঘোষণা করেছিলেন কলকাতার মেয়র তথা মন্ত্রী ফিরহাদ হাকিম। এর প্রেক্ষিতে ফিরহাদের বিরুদ্ধে নির্বাচনী আচরণবিধি ভঙ্গের অভিযোগ এনে কমিশনে চিঠি দিয়েছে বিজেপি।

## দোলের উৎসবের মরশুমে যাত্রীদের স্বচ্ছন্দ ও আরামদায়ক

### ভ্রমণ নিশ্চিত করতে ৫৪০টি অতিরিক্ত ট্রেন চালানোর ঘোষণা করলো ভারতীয় রেল

**নয়াদিল্লি, ২১মার্চ, ২০২৪ : নিউজ সারাদিন :** দোলের উৎসবের মরশুমে যাত্রী ভিড় সামাল দিতে এবং যাত্রীদের আরামদায়ক ভ্রমণ নিশ্চিত করতে ৫৪০টি অতিরিক্ত ট্রেন চালানোর ঘোষণা করলো ভারতীয় রেল।

এই ট্রেনগুলির সাহায্যে দেশের প্রধান গন্তব্যস্থানগুলিকে রেলপথের মাধ্যমে যুক্ত করার পরিকল্পনা নেওয়া হয়েছে। উদাহরণ হিসেবে দিল্লি-পাটনা, দিল্লি-ভাগলপুর, দিল্লি-মুজাফফরপুর, দিল্লি-সহর্ষ, গোরক্ষপুর-মুম্বাই, কলকাতা-পুরী, গুয়াহাটি-রাঁচি, নতুন দিল্লি-শ্রীমাতা বৈষ্ণবদেবী কাটরা, জয়পুর-বান্দ্রা টার্মিনাস, পুণে-দানাপুর, দুর্গ-পাটনা, বারৌনি-সুরাট প্রভৃতির নাম করা যেতে পারে। অসংরক্ষিত কামরাগুলিতে যাত্রীরা যাতে সুশৃঙ্খলভাবে প্রবেশ করতে পারেন সেজন্য প্রান্তিক স্টেশনগুলিতে রেল সুরক্ষা বাহিনীর জওয়ানরা প্রহরায় থাকবেন।

বড় স্টেশনগুলিতে যাত্রীদের নিরাপত্তা নিশ্চিত করতে রেল সুরক্ষা বাহিনীর অতিরিক্ত জওয়ান মোতায়েন করা হচ্ছে। বাহিনীর আধিকারিকরা বড় স্টেশনগুলিতে জরুরি ডিউটিতে থাকবেন। ট্রেন পরিষেবার কোনো বিঘ্ন যাতে না ঘটে তা নিশ্চিত করতে বিভিন্ন স্টেশনে কর্মী মোতায়েন করা হচ্ছে। ট্রেন আসা-যাওয়া সম্পর্কে জানাতে স্টেশনগুলিতে নিয়মিত এবং ঘন ঘন ঘোষণার ব্যবস্থা করা হয়েছে। ট্রেন কোন প্ল্যাটফর্মে আসছে বা কোন প্ল্যাটফর্ম থেকে ছাড়ছে, তার নম্বরও ঘোষণায় বলা হবে।

## সরস্বতী দেবী এক নামে দুটি অর্থ বহন করে চলেছে আজও



-: মৃত্যুঞ্জয় সরদার :-

মহাভারত রচনা হওয়ার আগেই রাজপুতানার মরুভূমিতে সরস্বতী নদী অদৃশ্য হয়ে গেলেও কয়েকটি স্রোতধারা অবশিষ্ট ছিল। এই স্রোতধারা হল চমসোদ্ভেদ, শিবোদ্ভেদ ও নাগোদ্ভেদ।

রাজস্থানের মরুভূমির বালির মধ্যে চলুর গ্রামের নিকটে সরস্বতী অদৃশ্য হয়ে ভবানীপুরে দৃশ্য হয়, আবার বলিচ্ছপুর নামকস্থানে অদৃশ্য হয়ে বরখের নামক স্থানে দৃশ্য হয়। তান্ডমহাব্রাহ্মণে সরস্বতী নদীর উৎপত্তিস্থল হিসাবে প্লক্ষপ্রস্রবণ ও বিনাশস্থল হিসেবে বিনশনের নামোল্লেখ আছে। ক্রমশঃ

## • সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

# অশ্বত্থামা ছিলেন অমর



মৃত্যুঞ্জয় সরদার
(শেষ পর্ব)

শোনেননি তিনি।অশ্বত্থামার ব্রহ্মাস্ত্র গিয়ে পড়ে গর্ভবতী উত্তরার গর্ভে। সেই সময় ভ্রূন অবস্থায় ছিলেন অভিমন্যুর পুত্র পরিক্ষীত। গর্ভেই মৃত্যু হয় পরিক্ষীতের। এর পরেই প্রচণ্ড ক্ষুব্ধ হন বাসুদেব কৃষ্ণ। তিনি অশ্বত্থামাকে বলেন তুমি এমন বীরত্বের প্রমাণ দিয়েছো যা লজ্জাজনক। যে শিশু মায়ের গর্ভে রয়েছে তাকেও হত্যা করতে ছাড়োনি। তোমার এই ক্ষমতার অপব্যবহারের জন্য তোমাকে ক্ষমা করা হবে না। তুমি অমর হতে চেয়েছিলে তাই থাকবে। এই সংসারের প্রত্যেকটি জীবন, পদার্থ নশ্বর, সময়ের সঙ্গে মিলিয়ে যাবেকিন্তু তুমি থাকবে। কারণ মহাদেবের বরপুত্র তুমি। তাই মহাদেবকে অসম্মান করব না। তুমি বেঁচেথাকবে। কিন্তু তোমার বেঁচে থাকাটা এতটা যন্ত্রণাদায়ক হবে যে, তুমি মৃত্যু চাইবে প্রতি পদে, কিন্তু তোমার মৃত্যু আসবে না। তোমারসারা শরীর গলে পচে যাবে, নরকের কীট তোমায় কুরে কুরে খাবে অথচ মৃত্যু আসবে না। যে বর পেয়ে তোমার অহংকার চূড়ান্ত রূপ ধারণ করেছে, সেই বরই তোমার মুক্তির পথে অন্তরায় হয়ে দাঁড়াবে।কৃষ্ণের এই অভিশাপের ফলে লোকবিশ্বাসে অশ্বত্থামা এখনও বেঁচে আছেন, থাকবেন অনাদি অনন্তকাল ধরে। কিন্তু কোথায় আছেন অশ্বত্থামা? কোনও পাতাল লোকে? নাকি মর্ত্যেই আছেন মুক্তির অপেক্ষায়?অসিরগড় কেল্লা, বুরহানপুর,মধ্যপ্রদেশ। এখানেই রয়েছেন অশ্বত্থামা। না গল্প কথা নয়, স্থানীয়দেরদৃঢ় বিশ্বাস নির্জন পাহাড়ের পাশে প্রাচীন কেল্লার আশে পাশে যে ছায়ামানব ঘুরে বেড়ায় তিনি অশ্বত্থামা। বিজ্ঞান ও যুক্তিবাদী স্থানীয় কিছু যুবকও চিরাচরিত এই বিশ্বাসকে সমূলে উৎখাত করতে গিয়েছিলেন, কিন্তু তাঁরাও যা অনুভব করেছেন, তাতে তাঁদের ধ্যান ধারণা বদলে গিয়েছে। পারতপক্ষে ওই অঞ্চলটাকে এড়িয়েই চলেন তাঁরা।ঠিক কী দেখেছেন স্থানীয়রা?লম্বা চওড়া বীরসেনার মতো এক চেহারার মানুষ, সারা শরীর ক্ষত বিক্ষত। চোখে মুখে যন্ত্রণার ছাপ, প্রত্যেকের কাছেই একটাই আর্তি জানান তিনি,ওষুধ দেওয়ার সারা শরীর তাঁর জ্বলে পুড়ে যাচ্ছে, কপালে দিয়ে রক্ত ঝরে পড়ছে। অনেকটাই পুরানে বর্ণিত গল্পের মতো। কিন্তু এখানেই কেন অশ্বত্থামার বাস?মহাভারতে বর্ণিত কুরুক্ষেত্রে অধুনা হরিয়ানায় রয়েছে। যুদ্ধে পর, অশ্বত্থামা চলে আসেন মধ্যপ্রদেশের দিকে। সেই সময় এই অঞ্চল আরও ঘন জঙ্গল ছিল, আরও একটা কারণ ছিল এই জঙ্গলের মধ্যেছিল প্রাচীন ঋষিদের তপোভূমি। হয়তো শাপমোচনের জন্যই অশ্বত্থামা এই পথ ধরেছিলেন। লোককথায় বলছে, যেহেতু মহাদেব তাঁকে অমরের বর দিয়েছিলেন তাই সেই বর ফিরিয়ে নেওয়ার জন্য ফের মহাদেব আরাধনা শুরু করেন। মহাদেবের কৃপাদৃষ্টিতেই তাঁর অভিশপ্ত জীবন মুক্তি পেতে পারে। বুরহানপুরে এই অসিরগড় কেল্লার কাছেই একটি প্রাচীন শিবমন্দির আছে। সেখানেই প্রায় দেখা যায় এই যুদ্ধবিধ্বস্ত ছায়া মানব অশ্বত্থামাকে।ওই ছায়ামানব কি কখনও কারও ক্ষতি করেছে? স্থানীয়দের মত, না কোনও ক্ষতি করেনি, কিন্তু যাঁর জীবন অভিশপ্ত, তাঁর সঙ্গে থাকাটা উচিত নয়। পাহাড়ে ঘেরা এই নিস্তব্ধ, নির্জন এলাকা অশ্বত্থামার এলাকা বলে পরিচিত। তাই স্থানীয়রা এড়িয়ে চলেন এলাকাটিকে। আর যাঁরা সহস্রাব্দ ধরে চলা প্রাচীন বিশ্বাস ভাঙতে যান, তাঁদের আত্মবিশ্বাস ভেঙে চুরমার হয়ে যায় এক লহমায়। আপনি বিশ্বাস করুন বা অবিশ্বাস, কিন্তু অশ্বত্থামা যে বিশ্বাসে বেঁচে আছেন এবং থাকবেন ।আমার দৃঢ় বিশ্বাসের মধ্যে নিজের মতো করে এই লেখা টি মানব সভ্যতার বিভিন্ন বৈশিষ্ট্য খুঁজে পেয়েছি সে কথাগুলো তুলে ধরছি। মহাভারত একটি বিশাল যুগের জনমানুষের জীবন ও রাষ্ট্র ব্যবস্থার অতি উজ্জ্বল বর্ণে চিত্রিত কথকতা। কারবালা পুরাণের মতো এর ঘটনাপ্রবাহ একমুখী নয়, বিস্তারিত। পঞ্চপাণ্ডবের কীর্তি কথা, কৃষ্ণের মাহাত্ম্য, কুরুক্ষেত্রের ধর্মযুদ্ধে দুর্যোধনের শত ভ্রাতার বিনাশ, পরিশেষে পঞ্চপাণ্ডবের উত্থান ও প্রতিষ্ঠা মহাভারতের প্রতিপাদ্য।২ বংশীয় প্রতাপ ও আধিপত্য, রাজ্যবিস্তার, প্রাসাদ ষড়যন্ত্র এর মূল বিষয় হলেও- এতে বহু শ্লোকে মূল ঘটনা বহির্ভূত অনেক কাহিনী ও তত্ত্বকথা স্থান পেয়েছে।এদিকে উল্লেখযোগ্য মহাভারত রচনার এই শ্রুতি আছে- শূদ্রদের বেদ চর্চার অধিকার না থাকায় কৃষ্ণ দ্বৈপায়ন বেদ ব্যাস৩ তাদের পঠন-পাঠন ও ধর্ম সাধনের জন্য মহাভারত লিপিবদ্ধ করেন। এরকম প্রসিদ্ধি আছে মহাভারত রচনার জন্য লেখক নির্ধারণকালে ব্রহ্মা তাকে গণেশের সাহায্য গ্রহণ করার পরামর্শ দেন। গণেশ বিরামহীনভাবে লেখার শর্ত দিয়ে রাজী হলে দ্বৈপায়নও পরিশর্ত প্রদান করেন যে, গণেশ না বুঝে তার শ্লোক লিপিবদ্ধ করতে পারবেন না। মহাভারত রচনাকালে কৃষ্ণ দ্বৈপায়ন নতুন প্লট সৃজনের সময় আহৃত করার জন্য মাঝে মধ্যে দুর্বোধ্য শ্লোক বলতেন- যা বুঝে লিখতে গণেশকে কালক্ষেপণ করতে হতো। এসময় পরবর্তী শ্লোক রচনা করতেন কৃষ্ণ দ্বৈপায়ন বেদ ব্যাস। মুসলিম মিথে কারবালার ঘটনার প্রাথমিক ইঙ্গিত পাওয়া যায় গ্রীক নিয়তিবাদের মতো করে। একদা শিষ্যমণ্ডলী বেষ্টিত মোহাম্মদের বিষণ্ন মুখমণ্ডল দেখে প্রধান সাহাবী তার কারণ জিজ্ঞাসা করলেন। নবীজী উত্তর করলেন, তোমাদের মধ্যে কাহারো সন্তান প্রাণাধিক প্রিয় হাসান হোসেনের পরম শত্রু হইবে। হাসানকে বিষপাণ করাইয়া মারিবে এবং হোসেনকে অস্ত্রাঘাতে নিধন করিবে।৪ গ্রীস মিথের মত কারবালার ঘটনা সংঘটনের নেপথ্যে এরকম নিয়তিবাদ সক্রিয় ছিল- প্রথম থেকে শেষ পর্যন্ত। এমনকি হোসেন তার ধৃত ও নিহত হবার স্থান দাস্ত কারবালা পূর্বজ্ঞাত হয়ে- পরিদর্শন করে আসে। মহাভারতের কুরুক্ষেত্র এবং কারবালার ধর্মযুদ্ধ দুটিরই নেপথ্য কারণ- বংশীয় আধিপত্য রক্ষা, প্রাসাদ ষড়যন্ত্র, রাজ্যবিস্তার, ক্ষমতালিপ্সা, নারী, সিংহাসন ও ধর্মীয় কর্তৃত্ব। ক্ষেত্রজ রাজা ধৃতরাষ্ট্র ও পাণ্ডুর একজন শতপুত্র ও অন্যজন পঞ্চপুত্র নিয়ে স্বরাজ্য শাসন করছিলেন। তদুপরি পাণ্ডুর মৃত্যু পরবর্তী সময়ে পঞ্চভ্রাতা তাদের ধর্মনিষ্ঠা অশ্বমেধযজ্ঞ সাধনের মাধ্যমে প্রাচুর্য ও রাজ্যব্যাপী খ্যাতি লাভ করে। ধৃতরাষ্ট্র পুত্র ঈর্ষান্বিত দুর্যোধনাদিরা চক্রান্তের জাল বুনে পাণ্ডবদের নানামাত্রায় বিপদগ্রস্ত করে তোলে। কারবালার যুদ্ধ সংঘটনের নেপথ্য মূল কারণ ছিল কুরাইশ ও উমাইয়া বংশের বংশীয় আধিপত্য ও ধর্মীয় কর্তৃত্ব প্রতিষ্ঠা নিমিত্ত।৫ মোয়াবিয়া পুত্র এজিদ শাসক হিসেবে অত্যন্ত দক্ষতার সাথে দামেস্ক নগরীতে ঐশ্বর্যমণ্ডিত ও সুসজ্জিত সেনাপূর্ণ নগরে পরিণত করেন। তথাপি হাসান হোসেনের ধর্মনিষ্ঠা, দীনহীন, রাজ্য ধর্মপালন জনসাধারণকে বেশি আর্কষণ করে। রাজ্য বিস্তার ও আরব জাহানের কর্তৃত্বের সাথে কারবালার যুদ্ধ সংঘটনের একটি পূর্ণ কারণ হয়ে দাঁড়ায় জয়নব। জয়নবকে বিয়ে করার জন্য এজিদ নানাবিধ কৌশলের আশ্রয় করলেও জয়নব অনুরক্ত হয় হাসানের প্রতি। মহাভারতের কৌরব পাণ্ডব যুদ্ধেও একটি শক্তিশালী অন্যতম কারণ দ্রূপদ কন্যা দ্রৌপদী। ধৃতরাষ্ট্রপুত্র দুর্যোধনাদির কূটকৌশলে পাশা খেলায় যুধিষ্ঠির পরাজিত হলে শেষ পণ হিসেবে দ্রৌপদীকে রাজসভায় চরম অপমান করা হয়। দুঃশাসন দ্রৌপদীর চুলের মুঠি ধরে রাজসভায় নিয়ে আসে এবং তার বস্ত্র হরণের প্রচেষ্টা চালায়। এ সময় ভীমের প্রতিজ্ঞা পরবর্তীকালে কুরুক্ষেত্রের যুদ্ধকে বেগবান করে একটি ভিন্ন মাত্রা দিয়েছিল।

(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)

# সিনেমার খবর

# সায়ন্তিকা কি জায়েদ খানের বউ হচ্ছেন, জানালেন উত্তর




**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন :** অভিনয়ের সঙ্গে রাজনীতিও করছিলেন কলকাতার অভিনেত্রী সায়ন্তিকা। তৃণমূলের রাজনীতি করলেও এবার লোকসভা ভোটের টিকিট মেলেনি তার। এদিকে সিনেমার পর রাজনীতিতেও পায়ের তলায় মাটি শক্ত না হওয়ায় গুঞ্জন উঠে এবার বিয়েটা সারছেন তিনি। এদিকে বেশ কিছুদিন আগে বাংলাদেশে জায়েদ খানের নায়িকা হয়ে একটি সিনেমা করতে এসেছিলেন সায়ন্তিকা। সে সময় জায়েদের সঙ্গে তার প্রেমের গুঞ্জনও ছড়ায়। কক্সবাজারে শুটিংয়ের ফাঁকে তাদরে একান্তে সময় কাটানোর খবরও আসে। তাহলে কি জায়েদ খানের বউ হচ্ছেন তিনি?

বিয়ে এবং জায়েদ খান প্রসঙ্গে ভারতীয় গণমাধ্যম সংবাদ প্রতিদিনকে দেওয়া এক বক্তব্যে স্পষ্টই জানালেন। অভিনেত্রীকে প্রশ্ন আপনি কি বাংলাদেশের বউ হচ্ছেন? এমন প্রশ্নের জবাবে সায়ন্তিকা বলেন, 'না না একেবারেই কারও বউ হচ্ছি না।' তাহলে জায়েদ খানের বউ হচ্ছেন না? এমন প্রশ্নে সায়ন্তিকা বলেন, 'আমি কারোর নামে মিথ্যা অপবাদ দিই না। জায়েদ খান ভীষণই ভালো একজন মানুষ। আমাকে সত্যি সাহায্য করেছেন। সম্মান দিয়েছেন।'

সায়ন্তিকা আরও বলেন, 'বাবা-মা এখনই আমাকে বিয়ে দিতে আগ্রহী নন। আমি তো সব সময় মিডিয়া বন্ধুদের বলি পাত্র খুঁজে দিতে, সবাই দেবে বলে; কিন্তু আর দেয় না। আমার তো পাত্র খোঁজার সময় নেই! ২৪ ঘণ্টা বাঁকুড়ায় পড়ে থাকলে কোথা থেকে আমি প্রেম করব?' এর আগে বাংলাদেশের অভিনেতা জায়েদ খানের সঙ্গে সায়ন্তিকার প্রেমের গুঞ্জন রটেছিল। বাংলাদেশে এসে সিনেমার শুটিং না করেই পশ্চিমবঙ্গে ফেরত যান তিনি। যা নিয়ে ভারত-বাংলাদেশের সংবাদমাধ্যমগুলোতে তুমুল আলোচনা হয়।

# হাসপাতাল থেকে বাড়ি ফিরে যা বললেন অজয় চক্রবর্তী



**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** উপমহাদেশের প্রখ্যাত শাস্ত্রীয় সংগীতশিল্পী পণ্ডিত অজয় চক্রবর্তীকে ৯ মার্চ অসুস্থ অবস্থায় হাসপাতালে ভর্তি করা হয়েছিল। ৫দিন তিনি কলকাতার একটি বেসরকারি হাসপাতালে তিনি চিকিৎসা নিচ্ছিলেন। এখন তার অবস্থা আগে থেকে কিছুটা ভালো। এখন বাড়িতেই চিকিৎসা নিচ্ছেন তিনি।

বাড়ি ফিরে নিজের অসুস্থতা নিয়ে কথা বলেছেন তিনি। একটি ভিডিওর্বাতায় অজয় চক্রবর্তী বলেন, 'আমি ভালো আছি। সুস্থ আছি। নানা খবর ছড়িয়েছে আমার অসুস্থতা নিয়ে। আমি বাড়িতেই রয়েছি। যে কোনও মানুষেরই শরীর থাকলে মাঝেমধ্যে শরীর খারাপ হয়। চিকিৎসার জন্য হাসপাতালে, চিকিৎসকের কাছে যেতে হয়। নিয়মিত চেক আপ করানোর জন্যও হাসপাতালে যেতে হয়। আপনারা অনেকেই আমায় নিয়ে চিন্তিত আছেন। আপনারা যে আমার কথা ভাবেন, তার জন্য আমি ধন্য।'

অল্প কিছুদিনের মধ্যে গানে ফিরবেন। সেই অনুষ্ঠানে সবার সঙ্গে দেখা হবে বলেও জানালেন এই শিল্পী। তার কথায়, আমাদের খুব তাড়াতাড়ি দেখা হচ্ছে। ৩১ মার্চ একটি অনুষ্ঠানে গান করব আমি। দীর্ঘদিন পর সবার সঙ্গে দেখা হবে।

সম্প্রতি সঙ্গীতশিল্পী উস্তাদ রাশিদ খানের অকাল মৃত্যুতে ভেঙে পড়েছিলেন সঙ্গীতশিল্পী পণ্ডিত অজয় চক্রবর্তী। এই রাশিদ খানের মৃত্যুর ঘটনা নয়, মার্কিন মুলুকে বাংলার শিল্পীদের হেনস্থা থেকে এ আর রহমানের নজরুলগীতি বিতর্ক, সব বিষয়েই স্পষ্ট মতামত দিয়েছেন পণ্ডিত। অজয় চক্রবর্তীর সুস্থতার খবরে স্বস্তির নিঃশ্বাস ফেলছেন তাঁর ভক্তরা।

# ৩৭ দিন ধরে হাসপাতালে এই অভিনেতা, পরিবারের কেউ দেখতেও আসেননি!



**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** কলকাতার জনপ্রিয় অভিনেতা পার্থসারথি দেব অসুস্থ। গত একমাস যাবৎ ভর্তি রয়েছেন কলকাতার ভাঙুর হাসপাতালে। আপাতত ভেন্টিলেশনে রয়েছেন অভিনেতা।

পার্থসারথি দেবের অসুস্থতার প্রসঙ্গে অভিনেতা বাপি দাস বলেন, গত এক মাস ধরে তিনিই তাঁর সহকর্মী ও পিতৃস্থানীয় পার্থ সারথি দে'র দেখাশোনা করছেন।



দীর্ঘদিন ধরেই সিওপিডির সমস্যায় জর্জরিত পার্থসারথি। তাঁর সঙ্গে বুকে সংক্রমণ এবং নিউমোনিয়া দুটোই ধরা পড়েছে। ভেন্টিলেশনে রয়েছেন তিনি। যদিও আগের চেয়ে একটু ভালো আছেন, চিকিৎসায় সাড়াও দিচ্ছেন তিনি।

অভিনেতার চিকিৎসা প্রসঙ্গে বাপি দাস বলেন, 'এই মুহূর্তে আমি এবং আর্টিস্ট ফোরাম ছাড়া পার্থদার পাশে কেউ নেই। আর্থিক সাহায্য করছে ফোরাম। আমরা পরিবারের সঙ্গে যোগাযোগ করেছিলাম কিন্তু কোনও রকম সাড়া পাইনি। চিকিৎসকরা জানিয়েছেন আগের চেয়ে সামান্য ভালো রয়েছেন।লোকজন চিনতে পারছেন। আমি প্রতিদিন সকাল-বিকাল দুই বেলা দেখতে যাচ্ছি।'

হিন্দুস্তান টাইমস জানায়, অভিনেতা অসুস্থ হয়ে হাসপাতালে ভর্তি থাকলেও এই মুহূর্তে তাঁর পাশে নেই পরিবারের কেউ। দূরদর্শনের মেকআপ আর্টিস্ট বিনীতা দেব বন্দ্যোপাধ্যায়কে বিয়ে করেছিলেন পার্থসারথি। তাঁদের এক কন্যা সন্তানও রয়েছে।

দীর্ঘদিন ধরেই সম্পর্কে তিক্ততার ফলে আইনি বিচ্ছেদ হয়ে গেছে দুজনের। পার্থসারথির বিরুদ্ধে শারীরিক নির্যাতনের অভিযোগ আনেন বিনীতা। প্রাক্তন স্বামীর অসুস্থতার খবর জানালেও বিনীতা বা তাঁর মেয়ে কেউই খোঁজ নেননি।

মঞ্চ-সিনেমা-সিরিয়াল সব জায়গাতেই সমান হারে কাজ চালিয়ে গেছেন পার্থসারথি দেব। পর্দায় কাজ করছেন ৪০ বছর ধরে। মঞ্চে তাঁর অভিনয় আজও সবাইকে মুগ্ধ করে। টিভির পাশাপাশি বড়পর্দাতেও সফল তিনি। ক্যারিয়ারে ২০০টিরও বেশি ছবিতে অভিনয় করেছেন এই বর্ষীয়ান অভিনেতা।

# হাসতে হাসতে যে খবর উড়িয়ে দিলেন অমিতাভ



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ভারতের একাধিক জাতীয় সংবাদমাধ্যমে প্রকাশিত হয়, হাসপাতালে ভর্তি অমিতাভ বচ্চন। প্রতিবেদনে বলা হয়, মুম্বাইয়ের একটি বেসরকারি হাসপাতালে অভিনেতার অ্যাঞ্জিয়োপ্লাস্টি করানো হয়েছে। স্বাভাবিকভাবে এই খবর প্রকাশ্যে আসার পর থেকেই উদ্বেগে ছিলেন 'বিগ বি'র অনুরাগীরা। তবে এই খবর চারদিকে ছড়িয়ে পড়ার ঘণ্টাখানেকের মধ্যেই ছেলে অভিষেক বচ্চনের সঙ্গে ১৫ মার্চ ইন্ডিয়ান স্ট্রিট প্রিমিয়ার লিগের (আইএসপিএল) ফাইনাল ম্যাচ দেখতে যান অভিনেতা। 'মাঝি মুম্বাই' এবং 'টাইগার্স অব কলকাতা'র ম্যাচ ছিল এ দিন। ছেলের পাশে বসেই গোটা ম্যাচ উপভোগ করেন তিনি। তাতেই ছড়ায় বিভ্রান্তি। যেখানে অ্যাঞ্জিয়োপ্লাস্টির খবর নিয়ে জলঘোলা গোটা দেশে, সেখানে দিব্যি সুস্থ এবং খোশমেজাজে দেখা গেল অমিতাভকে। সত্য কোনটা?

'মাঝি মুম্বাই' দলের সমর্থক তিনি। সাদা হুডি ও ট্র্যাক প্যান্ট পরে খেলা দেখতে যান অমিতাভ। ম্যাচ শেষে বেরিয়ে যাওয়ার সময় সাংবাদিকদের উদ্দেশে হাত নাড়েন। পাশাপাশি সংবাদমাধ্যমের উদ্দেশে জানান, তাঁর হাসপাতালে ভর্তি হওয়ার খবর একেবারেই মিথ্যা। এদিন খেলার মাঠ থেকে একাধিক ভিডিও প্রকাশ্যে এসেছে। সেখানেই দেখা গেছে 'মাঝি মুম্বাই' বনাম 'টাইগার্স অব কলকাতা'-এর ফাইনালের ম্যাচ চুটিয়ে উপভোগ করছেন তিনি। একটি ভাইরাল ভিডিওতে, অমিতাভ এবং অভিষেককে কলকাতা টাইগার্সের বিপক্ষে খেলার সময় তাদের দলের জন্য উল্লাস করতে দেখা গেছে। কখনও আবার শচীন টেন্ডুলকারের সঙ্গে গভীর আলোচনায় মগ্ন থাকতে দেখা গেছে। শুক্রবার অভিনেতার স্বাস্থ্যের খবর নিয়ে বিভ্রান্তি ছড়ালেও দিনের শেষে তাকে দেখে স্বস্তির নিশ্বাস অনুরাগীদের।

## কবে মাঠে নামবেন কোহলি?



স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন : অনেকদিন ভারতের বাইরে ছিলেন তারকা ব্যাটসম্যান বিরাট কোহলি। পারিবারিক কারণে তিনি ইংল্যান্ডের বিপক্ষে পাঁচ ম্যাচের টেস্ট সিরিজ থেকে বিরতি নিয়েছিলেন। তবে আজ (রবিবার) সকালে আনুশকা ও দুই সন্তান ভামিকা-অকায়কে নিয়ে তিনি নিজ দেশে ফিরেছেন। এর আগে কোহলি আইপিএলের শুরু থেকে খেলবেন কি না, তা নিয়ে বেশ জল্পনা ছিল। এমনকি গুঞ্জন উঠেছে আসন্ন টি-টোয়েন্টি বিশ্বকাপের ভারতীয় দলেও থাকছেন না কোহলি। যদিও আইপিএলের আসরে এবারও রয়্যাল চ্যালেঞ্জার্স বেঙ্গালুরুর (আরসিবি) হয়ে মাঠে নামবেন ওয়ানডে ক্রিকেটের সর্বাধিক এই সেঞ্চুরিয়ান।

এদিকে, কোহলি মুম্বাই বিমানবন্দরে অবতরণের ভিডিও ভাইরাল হয়েছে সামাজিক মাধ্যমে। এ দিনই তার আরসিবির প্রস্তুতি শিবিরে যোগ দেওয়ার কথা রয়েছে। আগামী ২২ মার্চ আইপিএলের উদ্বোধনী ম্যাচেই চেন্নাই সুপার কিংসের মুখোমুখি হবে বেঙ্গালুরু। সবমিলিয়ে খুব বেশি সময় হাতে নেই কোহলির। বিশেষ করে বেশ কিছুটা সময় ক্রিকেটের বাইরে থাকায়, ব্যক্তিগত পারফরম্যান্স ভালো করতে পুরোদমে মনোনিবেশ করবেন তিনি। প্রতি সিরিজ কিংবা টুর্নামেন্টের আগেই কোহলির জন্য এটা চিরাচরিত নিয়ম!

## ৮ বছর পর আইপিএলে ফেরা নিয়ে রোমাঞ্চিত স্টার্ক



স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন : মিচেল স্টার্কের সবশেষ আইপিএলে খেলার স্মৃতিতে ধুলো জমে গেছে। দীর্ঘ আট বছর পর ফের ভারতের ফ্যাঞ্চাইজি টি-টোয়েন্টি টুর্নামেন্টে খেলতে যাচ্ছেন অস্ট্রেলিয়ার গতি তারকা। যেটিকে তিনি দেখছেন নতুন চ্যালেঞ্জ হিসেবে। আর এজন্য তিনি পুরোপুরি প্রস্তুত আছেন বলে জানিয়েছেন আইপিএলের নিলামে সবচেয়ে দামি এই ক্রিকেটার।

আইপিএলে গত ডিসেম্বরের নিলামে স্টার্ককে নিয়ে কাড়াকাড়িতে পারিশ্রমিকের আগের সব রেকর্ড ভেঙে যায়। রেকর্ডের শুরুটা হয় তার স্বদেশি প্যাট কামিন্সকে দিয়ে। ২০ কোটি ৫০ লাখ রুপিতে অস্ট্রেলিয়ান অধিনায়ককে দলে নেয় সানরাইজার্স হায়দরাবাদ। ঘণ্টাখানেক পরই সেই রেকর্ড ভেঙে ২৪ কোটি ৭৫ লাখ রুপিতে স্টার্ককে দলে ভেড়ায় কলকাতা নাইট রাইডার্স।

আইপিএলে মাত্র দুইটি মৌসুমে খেলেছেন স্টার্ক। ২০১৪ ও ২০১৫ আসরে খেলেছেন রয়্যাল চ্যালেঞ্জার্স বেঙ্গালুরের হয়ে। প্রথমবার ১৪ ম্যাচ খেলে তার উইকেট ছিল ১৪টি, পরেরবার ১৩ ম্যাচে ২০টি। পরে ২০১৮ আইপিএলের আগে নিলামে তাকে দলে নেয় কলকাতা। কিন্তু শেষ পর্যন্ত চোটের কারণে খেলতে পারেননি তিনি। এরপর কয়েক মৌসুমে আর নিলামে নাম দেননি স্টার্ক। এবার ফিরছেন নিলামে আলোড়ন তুলে। ক্রিকেট অস্ট্রেলিয়ার ওয়েবসাইটে দেওয়া সাক্ষাৎকারে ৩৪ বছর বয়সী বাঁহাতি পেসার বললেন, কলকাতার হয়ে মাঠে নামতে তর সইছে না তার।

স্টার্ক জানান, "আইপিএলে সবশেষ খেলার আট বছর পেরিয়ে গেছে, মনে হয়। কেকেআরে ফিরছি, যেখানে ২০১৮ সালে আমার থাকার কথা ছিল। ২০১৪ ও ২০১৫ সালে আরসিবির সঙ্গে আমার স্মৃতিগুলো মনে হয় ঝাপসা হয়ে গেছে। তবে হ্যাঁ, আবার ফেরার সুযোগ পেয়ে আমি সত্যিই রোমাঞ্চিত। অবশ্যই নতুন সব ক্রিকেটার, অনেকের সঙ্গেই আমার আগে কাজ করা হয়নি।"

তিনি আরও জানান, "কিছু ক্রিকেটারের বিপক্ষে আমি আন্তর্জাতিক ক্রিকেটে খেলেছি। রোমাঞ্চকর এক যাত্রা হতে চলেছে। অবশ্যই এটা নতুন চ্যালেঞ্জ। তবে রোমাঞ্চকর হবে আমি মুখিয়ে আছি।"

আইপিএলের ১৭তম আসর শুরু হবে আগামী শুক্রবার। পরদিন ইডেন গার্ডেন্সে হায়দরাবাদের বিপক্ষে ম্যাচ দিয়ে অভিযান শুরু করবে কলকাতা।

## ব্রাজিল দলে আবারও ইনজুরির হানা



স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন : চোটের থাবায় এমনিতেই জর্জরিত ব্রাজিলের জন্য এবার আরেকটি বড় ধাক্কা। ইংল্যান্ড ও স্পেনের বিপক্ষে প্রীতি ম্যাচে দল থেকে ছিটকে পড়লেন এবার কাজেমিরো। অভিজ্ঞ এই মিডফিল্ডারের জায়গায় ডাক পেলেন পেপে।

চোটের কারণে এই দুই ম্যাচের জন্য ব্রাজিল পাচ্ছে না প্রথম পছন্দের দুই গোলকিপার আলিসন বেকার ও এদেরসন, ডিফেন্ডার মার্কিনিয়োস ও ফরোয়ার্ড গাব্রিয়েল মার্তিনেল্লিকে। সেখানেই এবার যোগ হলো কাজেমিরোর নাম। চোটের কারণে দল বাছাই করা কতটা কঠিন হয়ে পড়েছে, তা ফুটে উঠল কোচ দরিভাল জুনিয়রের কথায়।

তিনি জানান, ৫০ জনের প্রাথমিক তালিকা থেকে চোটের কারণে এর মধ্যেই ১৩ জনের না থাকা নিশ্চিত করা হয়েছে তাদের ক্লাবের পক্ষ থেকে। দুর্ভাগ্যজনকভাবে আমরা কাজেমিরোকেও হারালাম। পোর্তোর পেপেকে দলে ডাকা হয়েছে, এমনিতে ফরোয়ার্ড হলেও এখন খেলছে মিডফিল্ডে।

মূলত উইঙ্গার হলেও পেপে খেলেছেন রক্ষণেও। এখন মাঝমাঠে খেলছেন ২৭ বছর বয়সী ফুটবলার। ব্রাজিলের হয়ে আগে একটি ম্যাচ খেলার অভিজ্ঞতা আছে তার। গত বছর মাঠে নেমেছিলেন কলম্বিয়ার বিপক্ষে বিশ্বকাপ বাছাইয়ের ম্যাচে। দলের পরাজয়ের ম্যাচে মিনিট দশেক খেলেছিলেন তিনি।

চোটাক্রান্তদের বদলি হিসেবে ফ্ল্যামেঙ্গোর ডিফেন্ডার ফাব্রিসিও ব্রুনো ও পোর্তোর ফরোয়ার্ড গালেনোকে নেওয়ার কথা আগেই বলেছিলেন কোচ। এবার যোগ করা হয়েছে ভাস্কো দা গামার গোলকিপার লিও জার্দিমকে। আগামী শনিবার ইংল্যান্ডের বিপক্ষে লন্ডনে ওয়েম্বলি স্টেডিয়ামে খেলবে ব্রাজিল। তিনদিন পর মাদ্রিদে তাদের প্রতিপক্ষ স্পেন।

## বোলিংয়ে ফিরলেন আর্চার, ভাঙলেন স্টাম্প



স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন : একের পর এক চোটে জর্জরিত জফ্রা আর্চার প্রতিযোগিতামূলক ক্রিকেটে ফেরার পথে আরেক ধাপ এগিয়েছেন। সম্প্রতি ভারতে দুই দিনের একটি প্রস্তুতি ম্যাচে বোলিং করেছেন ইংলিশ এই পেসার। যেখানে দুইটি উইকেটও নিয়েছেন তিনি, যার একটিতে ভেঙেছেন স্টাম্প।

লম্বা সময় ধরে কনুইয়ের সমস্যা ভোগাচ্ছে আর্চারকে। দুই বছর জাতীয় দলের বাইরে ছিলেন তিনি। ইংল্যান্ডের হয়ে খেলতে পারেননি ২০২১ ও ২০২২ টি-টোয়েন্টি বিশ্বকাপ। কয়েক দফায় অস্ত্রোপচারের পর গত বছরের জানুয়ারিতে মাঠে ফেরেন তিনি।

ইংল্যান্ডের হয়ে কয়েকটি ম্যাচ খেলার পর যোগ দেন আইপিএলে। ভারতীয় ফ্যাঞ্চাইজি এই টুর্নামেন্টের মাঝপথে মাথাচাড়া দিয়ে ওঠে কনুইয়ের সমস্যা। মুম্বাই ইন্ডিয়ান্সের হয়ে পাঁচ ম্যাচ খেলার পর গত মে মাসে ডান কনুইয়ের অস্বস্তি নিয়ে দেশে ফেরেন তিনি।

এরপর থেকে এখন পর্যন্ত আর প্রতিযোগিতামূলক ক্রিকেটে মাঠে নামেননি আর্চার। খেলতে পারেননি ভারতে অনুষ্ঠিত ২০২৩ ওয়ানডে বিশ্বকাপেও। যেখানে সপ্তম হয়ে প্রাথমিক পর্ব থেকেই বাদ পড়ে ২০১৯ আসরের চ্যাম্পিয়নরা।


সেরে ওঠার পথে অনেকটা উন্নতি করা আর্চার এখন তার কাউন্টি দল সাসেক্সের সঙ্গে ১০ দিনের অনুশীলন ক্যাম্পে ভারতে আছেন। বেঙ্গালুরুতে কার্নাটাকা স্টেট ক্রিকেট অ্যাসোসিয়েশনের (কেএসসিএ) সঙ্গে সাক্সেসের দুই দিনের প্রস্তুতি ম্যাচের প্রথম দিন খেলেননি আর্চার। দ্বিতীয় দিন মাঠে নামেন তিনি। ৭ ওভার বোলিং করে দিনের প্রথম সেশনে তুলে নেন দুইটি উইকেট। যার একটিতে ব্যাটসম্যানের স্টাম্প ভাঙেন ডানহাতি এই পেসার।

ভারতে থাকলেও ২২ মার্চ থেকে অনুষ্ঠেয় এবারের আইপিএলে খেলবেন না আর্চার। তবে তার ফিটনেসের উন্নতি ও বোলিংয়ে ফেরা ইংল্যান্ড দলের জন্য স্বস্তির খবর। আসছে টি-টোয়েন্টি বিশ্বকাপে ২৮ বছর বয়সী এই গতিময় পেসারকে পেতে আশাবাদী ইংলিশরা।

ইংল্যান্ডের হয়ে এখন পর্যন্ত ১৫ টি-টোয়েন্টি খেলে ২৪.৬৬ গড় ও ওভারপ্রতি ৭.৬৫ রান দিয়ে ১৮ উইকেট নিয়েছেন আর্চার। স্বীকৃত টি-টোয়েন্টি ১৩৫ ম্যাচে তার শিকার ১৬৯ উইকেট, গড় ২৩, ওভারপ্রতি রান দিয়েছেন ৭.৭১।

ওয়েস্ট ইন্ডিজ ও যুক্তরাষ্ট্রে অনুষ্ঠেয় এবারের টি-টোয়েন্টি বিশ্বকাপে চিরপ্রতিদ্বন্দ্বী অস্ট্রেলিয়া, নামিবিয়া, স্কটল্যান্ড ও ওমানের গ্রুপে ইংল্যান্ড। আগামী ৪ জুন স্কটিশদের বিপক্ষে ম্যাচ দিয়ে শিরোপা ধরে রাখার অভিযান শুরু করবে ইংলিশরা।

## ভারতেই হবে আইপিএলের সব ম্যাচ



স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন : আগামী ২২ মার্চ পর্দা উঠছে ইন্ডিয়ান প্রিমিয়ার লিগের (আইপিএল) এবারের আসরের। এই আসরের প্রথম ভাগের সূচি ইতোমধ্যেই ঘোষণা করা হয়েছে। আর এ ম্যাচগুলো ভারতের মাটিতেই অনুষ্ঠিত হবে। তবে গুঞ্জন ছিল, আইপিএলের দ্বিতীয়ভাগের ম্যাচগুলো হতে পারে সংযুক্ত আরব আমিরাতে।

সেই গুঞ্জন একেবারে উড়িয়ে দিয়েছেন বোর্ড অব কন্ট্রোল ফর ক্রিকেট ইন ইন্ডিয়ার (বিসিসিআই) সচিব জয় শাহ। আইপিএলের পুরো মৌসুম ভারতেই হচ্ছে, নিশ্চিত করেন তিনি। বিসিসিআইয়ের সচিব ক্রিকবাজকে বলেন, 'নাহ, এটা কোথাও সরছে না। আইপিএল ভারতেই হবে।'

এর আগে অবশ্য বেশ কয়েকবার ভারতের বাইরে আইপিএল আয়োজন করা হয়েছে। বিশেষ করে নির্বাচনের কারণে ভারতের বাইরে নেয়া হয় আইপিএল। ২০১৪ সালে সাধারণ নির্বাচনের কারণে আইপিএলের প্রথমার্ধ হয়েছিল সাউথ আফ্রিকায়। এরপর ২০২০ আইপিএল অনুষ্ঠিত হয়েছিল সংযুক্ত আরব আমিরাতে।

অবশ্য সেবার করোনার প্রাদুর্ভাবের কারণে আইপিএল ভারতের বাইরে আয়োজন করতে বাধ্য হয়েছিল বিসিসিআই। এরপর ২০২১ আইপিএলেরও শেষভাগের ম্যাচগুলো আরব আমিরাতে সরিয়ে নিতে হয়েছিল তাদের। এরপর অবশ্য ২০২২ ও ২০২৩ আইপিএল ভারতেই আয়োজন করা হয়েছে।

## আর্জেন্টিনা শিবিরে 'জোড়া' দুঃসংবাদ



স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন : ইন্টার মায়ামির হয়ে কনক্যাকাফে খেলার সময় চোট পেয়েছিলেন লিওনেল মেসি। ডান পায়ের হ্যামস্ট্রিংয়ের সেই চোট তার জাতীয় দলের আসন্ন দুই ম্যাচে খেলা অনিশ্চিত করে তুলেছে। সেই ধাক্কা সামলানোর আগে আরেকটি দুঃসংবাদ পেয়েছে আলবিসেলেস্তেরা। ইনজুরির কারণে ছিটকে গেছেন আরেক ফরোয়ার্ড পাউলো দিবালা।

চলতি মাসে দুটি প্রীতি ম্যাচ খেলবে আর্জেন্টিনা। কোপা আমেরিকার প্রস্তুতির অংশ হিসেবে ফিলাডেলফিয়ায় তারা ২৩ মার্চ মুখোমুখি হবে এল সালভাদরের। এরপর ২৭ মার্চ তিনবারের বিশ্বজয়ীরা লস অ্যাঞ্জেলসে কোস্টারিকার মোকাবিলা করবে। এই ম্যাচ দুটির আগে একাধিক ফুটবলারের ইনজুরি ভাবনায় ফেলছে কোচ লিওনেল স্কালোনিকে। ইনজুরিতে পড়া মেসি আসন্ন ম্যাচ দু'টিতে খেলতে পারবেন কি না এ নিয়ে আনুষ্ঠানিক কোনো ঘোষণা আসেনি আর্জেন্টিনা ফুটবল অ্যাসোসিয়েশনের পক্ষ থেকে। তবে সংবাদমাধ্যম টিওয়াইসি স্পোর্টস ম্যাচগুলোতে তিনি অনুপস্থিত থাকবেন বলে জানিয়েছে। ইন্টার মায়ামি গতকাল এক বিবৃতিতে জানিয়েছিল, 'মেসির ডানপায়ে ছোট হ্যামস্ট্রিং ইনজুরি রয়েছে।' যে কারণে গতকাল রাতে অনুষ্ঠিত ডিসি ইউনাইটেডের বিপক্ষে এমএলএসের ম্যাচটি খেলেননি তিনি। এমনকি মেসি কবে নাগাদ মাঠে ফিরবেন, সেই নিশ্চয়তাও দিতে পারেনি যুক্তরাষ্ট্রের ক্লাবটি। এজন্য প্রতিদিন মেডিক্যাল পরীক্ষার পর তার চোটের আপডেট নিশ্চিত হবে বলে মায়ামি জানিয়েছে।

## অভিষেক মৌসুমে সর্বোচ্চ গোল করার রেকর্ড কেইনের



স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন : বুন্ডেসলিগায় গত রাউন্ডে অনন্য দুটি কীর্তি গড়ার পাশাপাশি যে রেকর্ডটি ছুঁয়েছিলেন হ্যারি কেইন, সপ্তাহের মাথায় সেটি একার করে নিলেন তিনি। ডার্মস্টাডের বিপক্ষে দলের অনায়াস জয়ের পথে একবার জালে বল পাঠিয়ে বুন্ডেসলিগায় অভিষেক মৌসুমে সর্বোচ্চ গোল করার রেকর্ড গড়লেন বায়ার্ন মিউনিখ তারকা। জার্মানির শীর্ষ লিগে ১৬ মার্চ বায়ার্নের ৫-২ ব্যবধানের জয়ে প্রথমার্ধের যোগ করা সময়ে রেকর্ড গড়া গোলটি করেন কেইন। চলতি আসরে ২৬ ম্যাচে কেইনের গোল হলো ৩১টি, ভেঙে গেল বুন্ডেসলিগায় অভিষেক মৌসুমে জার্মান গ্রেট উয়ে জিলারের ৩০ গোলের রেকর্ড। চলতি মৌসুমের শুরুতে আলিয়াঞ্জ অ্যারেনায় যোগ দেওয়া কেইনের বায়ার্নের হয়ে সব প্রতিযোগিতা মিলিয়ে গোল হলো ৩৫ ম্যাচে ৩৭টি, সঙ্গে অ্যাসিস্ট ১১টি। পয়েন্ট তালিকার তলানির দলের মাঠে প্রথমে পিছিয়ে পড়েছিল বায়ার্ন। ২৮তম মিনিটে তাদের জালে বল পাঠান জার্মান ফরোয়ার্ড টিম স্কারকি। অবশ্য ঘুরে দাঁড়াতে সময় নেয়নি সফরকারীরা। ৩৬তম মিনিটে জামাল মুসিয়ালা সমতা টানার পর কেইনের ওই গোলে এগিয়ে যায় তারা। ৬৪তম মিনিটে নিজের দ্বিতীয় গোলে ব্যবধান বাড়ান তরুণ জার্মান ফরোয়ার্ড মুসিয়ালা। ১০ মিনিট পর সের্গে জিনাব্রির গোলে ম্যাচ নিয়ন্ত্রণে নেয় বায়ার্ন। আর যোগ করা সময়ের দ্বিতীয় মিনিটে সব অনিশ্চয়তার ইতি টেনে দেন ১৮ বছর বয়সী ফরোয়ার্ড মাথিস টেল। যোগ করা সময়ের পঞ্চম মিনিটে একটি গোল শোধ করেন অস্কার ভিলহেল্মসন। ২৬ ম্যাচে ১৯ জয় ও তিন ড্রয়ে ৬০ পয়েন্ট নিয়ে লিগ টেবিলের দুইয়ে আছে বায়ার্ন। এক ম্যাচ কম খেলে ৬৭ পয়েন্ট নিয়ে শীর্ষে বায়ার লেভারকুজেন।

■ স্বত্বাধিকারী, প্রকাশক, মুদ্রক মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ থেকে ডিজিটাল মুদ্রিত ■ সম্পাদক মৃত্যুঞ্জয় সরদার, ফোন ঃ ৯৫৬৪৩৮২০৩১
■ Printed, Published, Owned by MRITYUNJOY SARDAR and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 ■ Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR